মেহেরপুর পৌরসভা কার্যালয়,
মেহেরপুর।

৮নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WLCC) সভা

সভাপতি ঃ জনাব সৈয়দ মনজুরুল কবির, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

স্থান ঃ মেহেরপুর পৌরসভা কার্যালয়, মেহেরপুর।

সভার তারিখ বিকাল ৩.০০ টায় -১১/১২/২০১৯খ্রিঃ।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WLCC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগীতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন প্রসংগে।

২। সড়ক বাতি স্থাপন প্রসংগে।

৩। রাস্তা মেরামত প্রসংগে।

৪। বিবিধ।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব
০২	সড়ক বাতি স্থাপন প্রসংগে	আলোচ্য সূচীর উপর জনাব মোঃ জাহাঙ্গীর, পশু হাসপাতাল পাড়া, জানান যে, এ পাড়ায় বেশ কয়েকটি সড়ক বাতি বিগত বেশ কয়েকদিন যাবৎ অকেজো হয়ে আছে কিন্তু পৌরসভায় জানিয়েও কোন সুফল পাওয়া যায়নি। জনাব কাজল রেখা মসজিদ পাড়া, জানান যে, এলাকার শরিফুলের বাড়ি হতে আলতাব এর বাড়ি পর্যন্ত রাস্তাটিতে সড়ক বাতি স্থাপন করা হয়নি। যার ফলে কুয়াশাচ্ছন্ন অন্ধকার রাতে জনসাধারন চলাচলের মারাত্মক সমস্যার সম্মুখিন হতে হয়। এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানানো প্রয়োজন।	বর্নিত রাস্তায় সড়ক বাতি মেরামতসহ নতুন বাতি স্থাপন করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানানো হলো।	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা।
০৩	রাস্তা মেরামত	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সদস্য জনাব,মোঃ কুদ্দুস,মসজিদপাড়া ০৮নং ওয়ার্ড	বর্নিত রাস্তা নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা	নির্বাহী প্রকৌশলী

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
	প্রসংগে	মেহেরপুর পৌরসভা। তিনি বলেন যে, বরকতের বাড়ীর পাশের রাস্তাটি বিগত বর্ষা ভেঙ্গে গেলেও অদ্যাবধি রাস্তাটি মেরামত করা হয়নি । যারফলে জনসাধারন সহ যানবাহন চলাচলে বিঘ্নের সৃষ্টি হচ্ছে। এবং ছোট ছোট দুর্ঘটনাও ঘটছে। রাস্তাটি নতুনভাবে নির্মানের জন্য কর্তৃপক্ষের নিকট জোর সুপারিশ জানাচ্ছি।	গ্রহনের জন্য সুপারিশ করা হলো।	মেহেরপুর পৌরসভা।
০৪	বিবিধ	আলোচনায় জনাব মোছাঃ রেহেনা খাতুন, পশুহাট পাড়া, ০৮নং ওয়ার্ড মেহেরপুর পৌরসভা জানান যে, বেশ কিছু এলাকায় বেওয়ারিশ কুকুর ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে। এ সকল বেওয়ারিশ কুকুর নিধন করা জরুরী প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করছি।	কুকুর নিধনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হলো।	স্যানিটারী ইন্সপেক্টর মেহেরপুর পৌরসভা।

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর ও পানির বিল দিয়ে পৌর সেবার মান উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪।১২।১৯

(সৈয়দ মনজুরুল কবির)
সভাপতি(WLCC)
ও
৮নং ওয়ার্ড কাউন্সিলর
মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ ঃ ১১/১২/২০১৯, সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান ঃ ০৮ নং ওয়ার্ড কাউন্সিলর সাহেবের বাসভবন।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব সৈয়দ মনজুরুল কবির রিপন	কাউন্সিলর ও সভাপতি ৮নং ওয়ার্ড কমিটি, মেহেরপুর পৌরসভা।	[illegible]
২	জনাব হামিদা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	হামিদা
৩	জনাব মোছাঃ রেহেনা খাতুন	পশুহাটপাড়া, মেহেরপুর।	রেহেনা
৪	জনাব মোঃ জাহাঙ্গীর	পশুহাসপাতালপাড়া, মেহেরপুর।	জাহাঙ্গীর
৫	জনাব মোঃ মজনু	বাসষ্ট্যান্ডপাড়া, মেহেরপুর।	[illegible]
৬	জনাব মোছাঃ রিনা খাতুন	পশুহাসপাতালপাড়া, মেহেরপুর।	
৭	জনাব মোঃ শফিকুল ইসলাম	ভূমি অফিস পাড়া, মেহেরপুর।	
৮	জনাব কাজল রেখা	মসজিদপাড়া, মেহেরপুর।	কাজল রেখা
৯	জনাব মোঃ কুদ্দুস	মসজিদপাড়া, মেহেরপুর।	[illegible]
১০	জনাব মোঃ মাসুদ রানা	উপ-সহকারী প্রকৌশলী।	[illegible]